# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২.২৪ জুমু'আ যার উপর ফরয - ১৩১. জুমু'আ কার উপর ফরয, আর কাদের জন্য ফরয নয়?

হুঁশ-জ্ঞান সম্পন্ন ও স্বাধীন প্রত্যেক বালেগ মুসলমান পুরুষদের উপর জুমুআ ফরয। এ বিষয়ে সারকথা হচ্ছে, যার মধ্যে নিম্ন বর্ণিত ৭টি শর্ত একযোগে পাওয়া যায় তার উপর জুমু'আ ফরয।

১. মুসলমান হওয়া (কারণ ইসলাম গ্রহণ ছাড়া কোন ইবাদতই কবুল হয় না)।

২. বালেগ হওয়া (তবে নাবালেগ শিশু জুমু'আ পড়লে সাওয়াব পাবে)।

৩. হুঁশ-জ্ঞান থাকা (কারণ বেহুশ বা পাগলের কোন ইবাদত নেই)।

৪. পুরুষ হওয়া (মেয়েলোকের উপর জুমু'আ ফরয নয়, তবে পড়লে আদায় হবে ।)

৫. স্বাধীন হওয়া (গোলাম বা কৃতদাস হলে জুমু'আ ফরয হয় না)।

৬. মুকীম হওয়া (মুসাফির অবস্থায় জুমু'আ ফরয হয় না)।

৭. শরয়ী উযর না থাকা (অসুস্থ, ভয়ভীতি বা নিরাপত্তাহীনতায় না থাকা)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13030

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন